দৈনিক বাংলা

তারিখ ... 18 JAN 1986 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 5 ...

032

ঢাকা বিশ্ববিদ্যালয়ে

# স্নাতক পাস ও সাবসিডিয়ারী পরীক্ষার ফল

(স্টাফ রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৫ সালের স্নাতক পাস ও সাবসিডিয়ারী পরীক্ষার ফলাফল শুক্রবার প্রকাশিত হয়েছে।

বি এ (পাস) পরীক্ষায় পাসের হার ৪১ দশমিক পাঁচ শতাংশ। অংশগ্রহণকারী ১২ হাজার একশ ৯১ জন পরীক্ষার্থীর মধ্যে মাত্র তিনজন প্রথম বিভাগে পাস করেছেন। চারটি কলেজের কোন পরীক্ষার্থীই কৃতকার্য হতে পারেননি।

বিএসসি (পাস) পরীক্ষায় পাসের হার শতকরা ৩৯ ভাগ। অংশগ্রহণকারী চার হাজার ৬৮ জন পরীক্ষার্থীর মধ্যে ১৬ জন প্রথম

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## পরীক্ষার ফল

(১-এর পৃঃ পর)

বিভাগে পাস করেছেন।

বি কম (পাস) পরীক্ষায় পাসের হার সবচেয়ে কম—৩৪ দশমিক ছয় শতাংশ। ২১টি কলেজের সব পরীক্ষার্থীই ফেল করেছেন। অংশগ্রহণকারী দুই হাজার আটশ ২০ জন পরীক্ষার্থীর মধ্যে মাত্র একজন প্রথম বিভাগে পাস করেছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৫ সালের বি এ এবং বিএসএস সাবসিডিয়ারী পরীক্ষায় পাসের হার শতকরা ৭৩ ভাগ। বিএসসি সাবসিডিয়ারী পরীক্ষায় পাসের হার ২৯ দশমিক এক শতাংশ।